গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদপ্তর
উপজেলা সমাজসেবা কার্যালয়
শরণখোলা, বাগেরহাট।
dss.sarankhola.bagerhat.gov.bd

স্মারক নংঃ ৪১.০১.০১৭৭.০০০.০০০.১১.০০১.২৬.৭৩ তারিখ: ২১/০৭/২০২৬ খ্রি:

## বিজ্ঞপ্তি

বিষয়: ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ খ্রি: এর শুমারিকালীর তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার হিসেবে স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রনালয়ের আওতাধীন সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচীর "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" অনুযায়ী আগামী ১লা আগস্ট ২০২৬ খ্রি: থেকে ১৪ আগস্ট ২০২৬ খ্রি: পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে শরণখোলা উপজেলার তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োগ করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হলো।

| ক্রম | পদের ধরন | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকার বৈশিষ্ট | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ক) নূন্যতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স: ১৮-৪০<br>গ) ট্যাবলেট বা স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+নম্বর প্রাপ্তি<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদুর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারী মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা - সরকারী সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নীচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| ০২ | সুপারভাইজার | ক) নূন্যতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স: ২৫-৪৫<br>গ) ট্যাবলেট ও ওয়েব এপ্লিকেশনে দক্ষতা- পরীক্ষায় ৮০%+<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান থাকতে হবে।<br>ঙ) দল নেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগ দক্ষতা। | দৈনিক বাধ্যতামূলক দায়িত্ব<br>ক) প্রতিটি গণণা এরিয়া শারীরিকভাবে প্রতিদিন পরিদর্শন<br>খ) প্রতিটি গণণা এরিয়া এর ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-check)<br>গ) সন্ধ্যার মধ্যে ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত করা।<br>ঙ) সমস্যা ও অভিযোগ উপজেলা কমিটিকে তাৎক্ষনিক জানানো। | ক) ফৌজদারী মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা - সরকারী সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৮০% এর নীচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |

আবেদন ফরম প্রপ্তির স্থান:
উপজেলা সমাজসেবা কার্যলয়, শরণখোলা, বাগেরহাট এবং একই কার্যালয়ের ওয়েবসাইট https://dss.sarankhola.bagerhat.gov.bd

| ক্রম | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় |
|---|---|---|---|
| ০১ | ২১/০৭/২০২৬ খ্রি: হতে ২৩/০৭/২০২৬ খ্রি: সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ ঘটিকা। | ২১/০৭/২০২৬ খ্রি: হতে ২৪/০৭/২০২৬ খ্রি: সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ ঘটিকা। | ২৫/০৭/২০২৬ খ্রি: সকাল ১০ ঘটিকা |

## শর্তাবলী

১) তথ্য সংগ্রহকারীগণ শুমারি চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২) ফ্যামিলি কার্ড শুমারি চলাকালীন প্রতিদিন নূন্যতম ০৮ ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে।
৩) তথ্য প্রযুক্তি বিষয়ে দক্ষ হতে হবে।
৪) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবে না।

CamScanner

৫) কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবে না।
৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক।
৭) ট্যাবলেট সযত্নে রক্ষণ করতে হবে, অবহেলাজনিত ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রযোজ্য।
৮) কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।
৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে।
১০) ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশনা-২০২৬ এর ৫.২ এর নির্দেশনা মোতাবেক স্থানীয় রাজনৈতিক ব্যক্তির সরাসরি হস্তক্ষেপ কঠোরভাবে নিষিদ্ধ।

22/07/2026

অর্থিতা হাওলাদার
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী
নির্বাচন কমিটি
শরণখোলা, বাগেরহাট।

স্মারক নং: ৪১.০১.০১৭৭.০০০.০০০.১১.০০১.২৬.৭৩ তারিখ: ২১/০৭/২০২৬ খ্রি:

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১. মাননীয় সংসদ সদস্য, বাগেরহাট-৪ (মোরেলগঞ্জ ও শরণখোলা)
০২. জেলা প্রশাসক, বাগেরহাট।
০৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট।
০৪. উপজেলা পরিসংখ্যান অফিসার, শরণখোলা, বাগেরহাট।
০৫. উপজেলা আইসিটি অফিসার, শরণখোলা, বাগেরহাট।
০৬. সহকারী কমিশনার(ভূমি), শরণখোলা, বাগেরহাট।
০৭. উপজেলা মহিলা বিষয়ক অফিসার, শরণখোলা, বাগেরহাট।
০৮. স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শরণখোলা, বাগেরহাট।
০৯. অফিসার ইন চার্জ, শরণখোলা, বাগেরহাট।
১০. উপজেলা কৃষি অফিসার, শরণখোলা, বাগেরহাট।
১১. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শরণখোলা, বাগেরহাট।
১২. উপজেলা নির্বাচন অফিসার, শরণখোলা, বাগেরহাট।
১৩. চেয়ারম্যান, ধানসাগর ও সাউথখালি ইউনিয়ন পরিষদ, শরণখোলা, বাগেরহাট।
১৪. প্রশাসক, খোন্তাকাটা ও রায়েন্দা ইউনিয়ন পরিষদ, শরণখোলা, বাগেরহাট।
১৫. সভাপতি ও সেক্রেটারী, উপজেলা প্রেস ক্লাব, শরণখোলা, বাগেরহাট।
১৬. সভাপতি ও সেক্রেটারী, শরণখোলা প্রেসক্লাব, শরণখোলা, বাগেরহাট।
১৭. সভাপতি ও সেক্রেটারি, এনজিও সমন্বয়ক, শরণখোলা, বাগেরহাট।
১৮. অফিস কপি।

22.07.26

আব্দুল্লাহ আল ফয়সাল
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী
নির্বাচন কমিটি
শরণখোলা, বাগেরহাট।

CamScanner